আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
***Website: www.bb.org.bd***

তারিখঃ ০৭ আষাঢ় ১৪২৮
২১ জুন ২০২১

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৭

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**আর্থিক প্রতিষ্ঠানসমূহের Cyber Security নিশ্চিতকরণ**
**এবং Databases এর নিয়মিত backup সংরক্ষণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের ০৯ নভেম্বর, ২০১৫ তারিখের ডিএফআইএম সার্কুলার নং-১১ এর নির্দেশনাক্রমে ২০০৫ সালে প্রবর্তিত ও পরবর্তীতে ২০১০ এবং ২০১৫ সালে সংশোধিত বিদ্যমান Guidelines on ICT Security for Banks and Non-Bank Financial Institutions এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। Cyber Security নিশ্চিতকরণ এবং Databases এর নিয়মিত backup সংরক্ষণ নিশ্চিতের জন্য উক্ত গাইডলাইন্সে উল্লিখিত নির্দেশনাসহ নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন করার জন্য নির্দেশ প্রদান করা হলোঃ

ক) বাংলাদেশে কার্যরত অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহের Cyber Security মনিটরিংয়ের উদ্দেশ্যে প্রত্যেক প্রতিষ্ঠানে একটি Cyber Security Management Team গঠন করতে হবে;

খ) Cyber Security Management Team-কে আইসিটি সিকিউরিটি এবং সিস্টেমের ব্যাকআপ সংক্রান্ত প্রতিষ্ঠানের সামগ্রিক অবস্থা নিয়মিত পরিচালনা পর্ষদের সভায় উপস্থাপন করতে হবে;

গ) অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহকে ন্যূনতম প্রতি কর্মদিবস শেষে সামগ্রিক Ledger ও Databases এর backup সংগ্রহপূর্বক গাইডলাইন্স মোতাবেক তা যথাযথভাবে সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করতে হবে; এবং

ঘ) সর্বোপরি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর আইটি ঝুঁকিসমূহ কার্যকর ও ফলপ্রসূভাবে মোকাবেলা করার লক্ষ্যে ২০০৫ সালে প্রবর্তিত ও পরবর্তীতে ২০১০ এবং ২০১৫ সালে সংশোধিত Guidelines on ICT Security for Banks and Non-Bank Financial Institutions এর পরিপালন প্রত্যেক অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানকে নিশ্চিত করতে হবে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ জুলকার নায়েন)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৭৮